

Ex/ARTS/LANG/UG/AEC/TH/21/202A/2025  
BACHELOR OF ARTS EXAMINATION, 2025  
(2<sup>nd</sup> Year, 1<sup>st</sup> Semester)  
COURSE : UG/AEC/TH/21/202A  
Ability Enhancement Compulsory Course (AECC)

বাংলা

সময় : ১ ঘণ্টা

পূর্ণমান : ১৫

প্রতিটি CO থেকে একটি করে প্রশ্ন নিয়ে তিনটি প্রশ্নের উত্তর দাও।

৫×৩=১৫

(CO 1) (বাংলা ভাষায় সংযোগ স্থাপনের দক্ষতা)

১. বাংলা কনটেন্ট রাইটিং শেখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়গুলি বুঝিয়ে লেখো।

( অথবা )

২. তোমার প্রিয় বন্ধুর দেওয়া একটি উপহার তুমি শ্রেণিকক্ষে ভুল করে ফেলে এসেছ। জিনিসটি কারো হাতে পড়লে যাতে তোমায় ফিরিয়ে দেন এই মর্মে বিভাগের সকল কর্মচারী ও ছাত্রছাত্রীদের আবেদন করে পত্র লেখো।

( অথবা )

৩. জীর্ণ সেতু সংস্কারের বিষয় তুলে সম্পাদককে পত্র লেখো।

(CO 2) (বাংলা ভাষা ব্যবহার করে লিখিত বয়ান প্রস্তুত করার দক্ষতা)

১. শব্দ সাজিয়ে জীবনের মানচিত্র তৈরি করলেন নবনীতা দেবসেন। ‘শব্দ পড়ে টাপুরটুপুর’ পাঠ অবলম্বনে তোমার পাঠ প্রতিক্রিয়া ব্যক্ত করো।

BNG-1254

[ Turn Over ]

( 2 )

( অথবা )

২. আমাদের শব্দস্মৃতি কীভাবে কাজ করে? নবনীতা দেবসেনের প্রবন্ধের আলোকে লেখো।

( অথবা )

৩. উত্তাল রাজনৈতিক পরিবেশ-জাত বিভিন্ন শব্দ একটি শিশু-মনকে কীভাবে প্রভাবিত করতে পারে, ‘শব্দ পড়ে টাপুরটুপুর’-এর নিরিখে তা সংক্ষেপে লেখো।

(CO 3) (বাংলা ভাষা প্রয়োগের মাধ্যমে যুক্তি-তর্ক প্রস্তুত করা ও বিশ্লেষণী ক্ষমতার পরিচয়)

১. শঙ্খ ঘোষের ‘রাধাচূড়া’ কবিতা সময় সমকালের দৃশ্যের মুখোমুখি হওয়ার মুহূর্ত তৈরি করে — আলোচনা করো।

( অথবা )

২. কবিতা বোঝার জন্য কি তার পরিপ্রেক্ষিত জানা সবসময় জরুরি? ‘রাধাচূড়া’ প্রসঙ্গে লেখো।

( অথবা )

৩. মন্দাক্রান্তা সেনের কবিতায় নারীদের প্রসঙ্গে জয় গোস্বামী ‘গোঁসাইবাগান’ গ্রন্থে যেভাবে ব্যাখ্যা করেছেন সেই ব্যাখ্যার সঙ্গে কতটা সহমত হওয়া যায় আলোচনা করো।

★ ★ ★

BNG-1254

XX24(113)—370